যুগান্তর

MAY 17 2002

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# কেন এই বৈষম্যমূলক শিক্ষানীতি?




আমি ২০০১ সালের বিএ অনার্স (ইংরেজি) দ্বিতীয় বর্ষের পরীক্ষার্থী। কিছুদিন আগে আমাদের কাছ থেকে পরীক্ষার ফি এবং কেন্দ্র ফি বাবদ ৫০০ টাকা, সেমিনার ফি বাবদ ৫০০ টাকাসহ মোট ১ হাজার টাকা আদায় করা হয়েছে। অথচ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি'র পরিমাণ ৩০০ টাকা। কলেজ কর্তৃপক্ষ আমাদের কাছ থেকে কেন এই অতিরিক্ত ফি আদায় করেছেন তা আমাদের বোধগম্য নয়। অন্যান্য কলেজের তুলনায় আমাদের কাছ থেকে প্রায় তিনগুণ ফি আদায় করা হয়েছে। তাছাড়া প্রথম বর্ষে ভর্তির সময় সেমিনার ফি বাবদ ৫০০ টাকা আদায় করা হয়েছে। এর কিছুদিন পরই আবার স্পেশাল সেমিনার ফি বাবদ ৪০০ টাকা এবং প্রথম বর্ষ ফরম ফিলাপের সময় আবার সেমিনার ফি বাবদ ৫০০ টাকা আদায় করা হয়েছে। অর্থাৎ সেমিনার ফি বাবদ আমাদের কাছ থেকে মোট ১ হাজার ৯০০ টাকা আদায় করা হয়েছে। অথচ অন্যান্য কলেজের মতো কোন সুযোগ-সুবিধাই আমরা সেমিনার থেকে পাচ্ছি না। তাছাড়া শেষ বর্ষ পর্যন্ত সেমিনার ফি বাবদ আরও কত টাকা যে দিতে হবে তা কলেজ কর্তৃপক্ষই ভাল জানেন। কিন্তু ক্লাস করার সময় দেখা যায়, বছরের প্রায় ১১ মাসই কলেজ বন্ধ থাকে। S.S.C, H.S.C, B.A Pass, B.A Honours, Masters সব পরীক্ষার কেন্দ্রই যেন এই কলেজে। পরীক্ষার সময় দেখা যায় সিলেবাস তো দূরের কথা, সিলেবাসের এক-তৃতীয়াংশই শেষ হয় না। কিন্তু পরীক্ষার সময় তো ঠিক পরীক্ষা দিতে হয়। ক্লাস হোক আর না হোক ফি'র টাকা আদায় করা হয় তিনগুণ। অন্যান্য কলেজে ফি বাবদ আদায় করা হয়েছে ৩৭০ টাকা অথচ আমাদের কাছ থেকে আদায় করা হয়েছে ১ হাজার টাকা। এর কারণ কি? এ ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**নাম প্রকাশে অনিচ্ছুক**
ইংরেজি-বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজ